গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি অধিশাখা
www.sid.gov.bd

'ওয়েবসাইট যুগোপযোগিকরণ ও নিয়মিত হালনাগাদকরণের' লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র কর্মকর্তাগণের সমন্বয় গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ আব্দুল মোক্তাদের যুগ্মসচিব (আইসিটি) ও সভাপতি, (ওয়েবসাইট যুগোপযোগিকরণ ও নিয়মিত হালনাগাদকরণ কমিটি) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভার তারিখ ও সময়	:	১৩-০৮-২০২৬ খিঃ, বেলা ০২:০০ ঘটিকা
স্থান	:	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি)
উপস্থিত	:	কপি সংযুক্ত

সভার শুরুতে যুগ্মসচিব (আইসিটি) ও সভাপতি (ওয়েবসাইট যুগোপযোগিকরণ ও নিয়মিত হালনাগাদকরণ কমিটি) উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং মোহাম্মদ রফিকুল ইসলাম, কমিটির সদস্য সচিব ও সিস্টেম এনালিস্ট-কে ওয়েবসাইট হালনাগাদের অগ্রগতি উপস্থাপন করার জন্য আহবান জানান।

২। সদস্য সচিব বলেন, প্রস্তুতকৃত চেকলিস্ট অনুযায়ী পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হয়। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েবসাইট আজকে রিভিউ করা হয়েছে, অত্র বিভাগের ফোকাল পয়েন্ট অফিসারদের হালনাগাদকৃত তথ্য প্রশাসন-১ শাখা থেকে পাওয়া সাপেক্ষে আপডেট করা হবে। এরপর মুঃ ওয়াহিদ মুরাদ কে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ওয়েবসাই হালনাগাদের অগ্রগতি উপস্থাপনের জন্য আহবান জানানো হয়।

৩। এ বিভাগের প্রোগ্রামার বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ওয়েবসাইটের প্রত্যেকটি পেইজ ও লিংকসমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। উপস্থিত সকলেই বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ওয়েবসাইটের তথ্য পর্যবেক্ষণ করেন এবং সৃজনশীল মতামত প্রদান করেন।

৪। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ওয়েবসাইট যুগোপযোগিকরণ ও হালনাগাদ অব্যাহত রাখতে হবে।

(খ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ের অফিস সমূহের ওয়েবসাইট যুগোপযোগিকরণ ও হালনাগাদ করতে হবে। এ বিষয়ে পরিচালক কম্পিউটার উইং/এফএ এন্ড এমআইএস, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(গ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র সকল কর্মকর্তার প্রোফাইলে নাম, পদবী, অফিশিয়াল ই-মেইল, টেলিফোন, মোবাইল নম্বর যথাযথভাবে হালনাগাদ করতে হবে।

(ঘ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের তথ্য হালনাগাদ রাখতে হবে।

CamScanner

(ঙ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ওয়েবসাইটে বিবিএস এর যুগোপযোগী ইতিহাস, সাফল্য ও অর্জন, সাংগঠনিক কাঠামো সংযুক্ত করতে হবে এবং "অধীনস্ত অফিস" নামে একটি মেন্যু যোগ করে সেখানে সকল বিভাগীয় ও জেলা অফিসসমূহের ওয়েব লিংক দেয়া যেতে পারে।

(চ) সাবেক মহাপরিচালকদের তথ্য হালনাগাদ করতে হবে।

(ছ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ফেইসবুক পেইজে বিভিন্ন প্রকাশনার তথ্য হালনাগাদ রাখতে হবে।

(জ) পরবর্তী সভায় এনএসডিএস প্রকল্প কর্তৃক প্রস্তুতকৃত ওয়েব এপ্লিকেশনটি উপস্থাপন করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/০৮/২০২৬

মোঃ আব্দুল মোক্তাদের
যুগ্মসচিব (আইসিটি) এবং সভাপতি ওয়েবসাইট যুগোপযোগীকরণ ও নিয়মিত হালনাগাদকরণ কমিটি
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং:-৫২.০০.০০০০.০০০.০২৫.৩১.০০০১.১৮-৯৭

তারিখ:- ০৪ ভাদ্র ১৪৩৩ / ২০ আগস্ট ২০২৬

সদয় কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
২। পরিচালক, কম্পিউটার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৩। মোসাম্মৎ সাঈদা বেগম, সিনিয়র প্রোগ্রামার, কম্পিউটার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৪। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৫। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

অনুলিপি:
১। অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা
২। যুগ্মসচিব (প্রশাসন-১), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩। উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অফিস কপি।

২৩/০৮/২৬

মোহাম্মদ রফিকুল ইসলাম
সিস্টেম এনালিস্ট এবং ওয়েবসাইট যুগোপযোগীকরণ ও নিয়মিত হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

CamScanner